গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
**ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) (ই/এস)**
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১১
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd

স্মারক নম্বর:৩৫.০৫.০০০০.১১৩.৫০.০০১.১৯- ৪৬ তারিখ: ০৭ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ / ২১ জুন ২০২০ খ্রিস্টাব্দ

## ১৭.০৬.২০২০ তারিখ অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী:

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানান। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভার কাজ শুরু হয়। সভায় অংশগ্রহণকারীগণের তালিকা **'পরিশিষ্ট-ক'**-তে সংযুক্ত করা হলো।

| ক্রমিক নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হলে উপস্থিত সদস্যগণের পক্ষ হতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় বিগত সভার কার্যবিবরণী অনুমোদনের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। | বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | |
| ২. | বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার বাস্তবায়ন পর্যালোচনা; | ২০১৯-২০২০ সালের উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রণয়ন করে যথাসময়ে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ করা হয়েছে এবং ডিএমটিসিএল-এর তথ্য বাতায়নে প্রকাশ করা হয়েছে। করোনা উদ্ভুত পরিস্থিতি সত্বেও কর্মপরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন কাজ সম্পন্ন হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। এ বছরের অবশিষ্ট লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকা এবং আগামী বছরের কর্মপরিকল্পনা যথাসময়ে প্রণয়নের বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়। | এ বছরের অবশিষ্ট লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে। | ইনোভেশন টিম, ডিএমটিসি এল |
| ৩. | উদ্ভাবকগণের সঙ্গে উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন বিষয়ে টিমের সভা | সভায় উপস্থিত জনাব শান্তি মনি চাকমা, উপ প্রকল্প পরিচালক (ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসন) ও "ডেঙ্গু প্রতিরোধকল্পে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর আওতায় বাস্তবায়নাধীন বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেলের রুট এ্যালাইনমেন্ট ও সংশ্লিষ্ট অন্যান্য স্থাপনায় এডিস মশার বংশবৃদ্ধি রোধ" শীর্ষক উদ্ভাবনী উদ্যোগের উদ্ভাবক জানান যে, কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্যোগটির বাস্তবায়ন কার্যক্রম চলছে। প্রকল্প এলাকায় জমে থাকা পানি অপসারণ, ডেঙ্গু মশা ও লার্ভা নিধনে টেমেফোস কেমিক্যাল ছিটানো এবং নিয়মিতভাবে প্রকল্পের সাইটসমূহে পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা হচ্ছে। মেইন লাইনের হার্ড বেরিয়ারের গর্তসমূহ বালি দ্বারা ভরাট করে দেয়া হচ্ছে যাতে সেখানে কোন পানি জমে থাকতে না পারে। এ কার্যক্রমে সংশ্লিষ্ট ঠিকাদার প্রতিষ্ঠান লোকবল ও রাসায়নিক উপাদান সরবরাহ করে উদ্যোগটি বাস্তবায়নে সহযোগিতা করছেন। এ অর্থবছরে উদ্ভাবনী ফান্ড থেকে কোন অর্থ সহায়তার প্রয়োজন নেই। | উদ্যোগটি বাস্তবায়নে জনাব শান্তি মনি চাকমাকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করতে হবে। | ইনোভেশন টিম, ডিএমটিসিএল |

| ক্রমিক নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৪. | সক্ষমতা বৃদ্ধিকল্পে প্রশিক্ষণ আয়োজন | ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড-এর বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ অনুযায়ী উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধি করার জন্য একদিনের কর্মশালা/সেমিনার ও দুই দিনের প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা আছে। ইতোমধ্যেই ২৩.১২.২০১৯ ও ২৩.০১.২০২০ তারিখে দুইটি একদিনের প্রশিক্ষণ/কর্মশালা এবং গত ১১.০৩.২০২০ থেকে ১২.০৩.২০২০ তারিখে একটি দুইদিনের প্রশিক্ষণ আয়োজন সম্পন্ন হয়েছে। আগামী ২২.০৬.২০২০ ও ২৩.০৬.২০২০ তারিখে সেবাসহজীকরণে একটি দুইদিনের প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। | দুইদিনের প্রশিক্ষণটি সফলভাবে আয়োজন করতে হবে। | ইনোভেশন অফিসার ও ইনোভেশন টীম ডিএমটিসিএল |
| ৫. | উদ্ভাবকগণকে স্বীকৃতি বা প্রণোদনা প্রদান | উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এর কার্যক্রম ৯.১: উদ্ভাবকগণকে প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/সনদপত্র/ক্রেস্ট/পুরস্কার প্রদান বিষয়ে আলোচনা হয়। ইনোভেশন অফিসার জানান যে, গত সভার সিদ্ধান্ত অনুযায়ী বিষয়টি ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে অবগত করা হয়েছে। প্রশংসাপত্রের নমুনা ব্যবস্থাপনা পরিচালক মহোদয় অনুমোদন করেছেন। এ মাসেই উদ্ভাবকগণকে প্রশংসাসূচক সনদ প্রদান করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | জুন মাসের মধ্যেই উদ্ভাবকগণকে স্বীকৃতি প্রদান করতে হবে। | ইনোভেশন অফিসার |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭/০৬/২০২০

(মো: রাকিব উদ্দিন)
ফোকাল পার্সন, ইনোভেশন প্ল্যান
ও
প্রকল্প ব্যবস্থাপক (এসএন্ডটি)
ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) [ই/এস]
ফোন: ০২-৪১০৩০৪৯৮
ইমেইল: mrakib_07@yahoo.com

স্মারক নম্বর:৩৫.০৫.০০০০.১১৩.৫০.০০১.১৯- ৪৬

তারিখ: ২৪ জ্যেষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ / ০৭ জুন ২০২০ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. জনাব মোঃ সারওয়ার উদ্দীন খান, প্রকল্প ব্যবস্থাপক-২, ডিএমআরটিডিপি (লাইন-৬)
২. জনাব খালিদ সাইফুল্লাহ সরদার, উপ-প্রকল্প ব্যবস্থাপক(সিপি-০৫), এমআরটি (লাইন-৬)
৩. জনাব মোঃ আরিফুর রহমান, সহকারী প্রকৌশলী (সিভিল), ডিএমআরটিডিপি (লাইন-৬)
৪. জনাব মোঃ জুয়েল শিকদার, সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল), ডিএমআরটিডিপি (লাইন-৬)
৫. জনাব মোঃ উজ্জ্বল হোসাইন, সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল), ডিএমআরটিডিপি (লাইন-৬)
৬. জনাব শাহরিয়ার কবির, সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল), ডিএমআরটিডিপি (লাইন-৬)

**অনুলিপি (সদয় অবগতির জন্য):**

১. প্রকল্প পরিচালক, ডিএমআরটিডিপি (লাইন-৬)/(লাইন-১) [ই/এস]

২. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)

৩. অফিস কপি

(মো: রাকিব উদ্দিন)
ফোকাল পার্সন, ইনোভেশন প্ল্যান
ও
প্রকল্প ব্যবস্থাপক (এসএন্ডটি)
ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) [ই/এস]
ফোন: ০২-৪১০৩০৪৯৮
ইমেইল: mrakib_07@yahoo.com